গাংনীতে ঈদ উপলক্ষে অসচ্ছল পরিবারের মাঝে ভিজিএফ এর অর্থ বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভায় বিতরণ করা হয়েছে ভিজিএফ এর অর্থ। আসন্ন ঈদুল ফিতর ২০২১ উপলক্ষে গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার অঙ্গীকারে দুস্থ অসচ্ছল পরিবারের মধ্যে নগদ অর্থ প্রদান করা হয়। অর্থ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলার চেয়ারম্যান মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলর নির্বাহী কর্মকর্তা আর এম সেলিম শাহনেওয়াজ,উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী সহ ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বার বৃন্দ।
জানাগেছে ইউনিয়ন পরিষদের ভিজিএফ এর চাউলের পরিবর্তে এবার নগদ টাকা প্রদান করা হচ্ছে। গাংনী উপজেলার ৯ টি ইউনিয়নে এবং একটি পৌরসভায় মোট ৪২২০ টি পরিবারের মাঝে ৪৫০ টাকা করে প্রদান করা হবে।

ঝিনাইদহে অসহায় কৃষকের ধান কেটে মেশিনে ঝেড়ে ঘরে তুলে দিল জেলা যুবলীগ

বাংলাদেশ আওয়ামী যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ এবং সাধারন সম্পাদক মাইনুল হাসান খান নিখিল ভাইয়ের নির্দেশিত “মানবিক যুবলীগ” কর্মসূচির অংশ হিসাবে ঝিনাইদহ জেলা আওয়ামী যুবলীগের উদ্যোগে

ঝিনাইদহে করোনার প্রাদুর্ভাবে অসহায় দরিদ্র এক কৃষকের ধান কেটে মেশিনে ঝেড়ে ঘরে তুলে দিয়েছে যুবলীগের নেতাকর্মীরা। সদর উপজেলার ছোট কামারকুন্ডু গ্রামের কৃষক গোলাম মোস্তফার জমির ধান কেটে দেন তারা।সামাজিক দুরুত্ব বজায় রেখে কৃষক আক্কাস গোলাম মোস্তফার ২২ কাঠা জমির পাকা ধান কেটে দেন। এসময় জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন, যুগ্ম-আহ্বায়ক রাশিদুর রহমান রাসেল, শফিকুল ইসলাম শিমুল ও রাজু আহমেদসহ প্রায় ৩০ জন যুবলীগের কর্মী এ কর্মসূচীতে অংশ নেয়। জমির ধান কেটে দেওয়ায় খুশি হন কৃষক গোলাম মোস্তফা।

মেহেরপুরে দ্বিতীয় দিনেও চলছে জেলা যুবলীগের ফ্রি হাটের কার্যক্রম

করোনাভাইরাস মহামারীতে কর্মহীন, অসহায়, দুঃস্থদের মাঝে ফ্রি হাট এর আয়োজন করা হয়েছে। শনিবার সকালে শহীদ ডঃ শামসুজ্জোহা পার্কে দ্বিতীয় দিনের মত চলছে ফ্রি হাটে সবজি বিতরণের কার্যক্রম। জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন উপস্থিত থেকে সবজি বিতরণ করেন। এসময় মাহফুজুর রহমান রিটন বলেন, মেহেরপুর জেলা যুবলীগ মানবতার সেবায় কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী এবং যুবলীগের কেন্দ্রীয় নির্দেশনা মোতাবেক মেহেরপুর জেলা যুবলীগ অসহায় মানুষের পাশে দাড়ানোর চেষ্টা করছে। এই করোনা পরিস্থিতিতে খেটে খাওয়া মানুষের চরম অসুবিধা। অনেকেই কর্মহীন। সংসার চালাতে গিয়ে হিমশিম খেতে হচ্ছে তাদের। নিজের প্রয়োজনীয়তার কথা অনেকেই মুখ ফুটে বলতে পারছেন না।

তিনি আরো বলেন, আমাদের এই ফ্রি হাট থেকে সকলস্তরের মানুষ নিত্য প্রয়োজনীয় পন্য যেমন মাছ, আলু, পিয়াজ, পটল, লাউ, মিষ্টি কুমড়ো, কাঁচা মরিচ ইত্যাদি বিভন্ন ধরনের সবজি সংগ্রহ করতে পারবে । কর্মহীন, দুস্থ মানুষদের জন্য এই ফ্রী হাট আগামী ঈদ উল ফিতর পর্যন্ত চলমান থাকবে।

সবজি নিতে আসা আনোয়ারা খাতুন বলেন, আমাদের মেয়র রিটন সব সময় ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ করে। আমাদের মত অসহায় মানুষের পাশে যেভাবে তিনি দাঁড়িয়েছেন তার জন্য তাকে সাধুবাদ জানাই।

রিকশাচালক মনিরুল ইসলাম বলেন আমাদের মেয়র একজন মানবিক মানুষ কর্নার শুরু থেকে তিনি যেভাবে আমাদের পাশে দাঁড়িয়েছেন তার জন্য আমরা তার প্রতি কৃতজ্ঞ। তার কর্মকান্ডে মনে হয় তিনি আমাদের পরিবারের একজন। আল্লাহ তাকে ভাল রাখুক, সুস্থ রাখুক।

এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, জেলা যুবলীগের অন্যতম সদস্য সাজেদুর রহমান সাজু, ইউনুস আলী, আমানুর রহমান সোহেল, সাইদুর রহমান উজ্জল
মাহবুব হাসান ডালিম, আফজাল হোসেন লিখন, শেখ সরাফদ্দিন, কাজল শেখ, সাজাহান সহ যুবলীগের বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনার কৃতিসন্তান সাংবাদিক রইচ মল্লিকের ইন্তেকাল

দর্শনা শ্যামপুর গ্রামের কৃতিসন্তান বিশিষ্ট সাংবাদিক, কলামিস্ট ও ঢাকা থেকে প্রকাশিত জাতীয় পত্রিকা দৈনিক মুক্ত খবর এর উপ-সম্পাদক রইচ উদ্দিন মল্লিক (৫৮) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি অইন্না ইলাইহি রাজিউন)।

গতকাল শুক্রবার দুপুর ২টায় চিকিৎসাধীন অবস্থায় হৃদরোগে আক্রান্ত হয়ে ঢাকার একটি বেসরকারী হাসপাতালে ইন্তেকাল করেছেন।
তিনি দর্শনা পৌর এলাকার শ্যামপুর গ্রামের জোড়া বটতলা পাড়ার মৃত রফিক উদ্দীন মল্লিকের দ্বিতীয় পুত্র।
মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই কন্যা, বৃদ্ধা মাতা, ভাই-বোনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আজ শনিবার সকাল ১০ ঘটিকার সময় শ্যামপুর গ্রামের কবরস্থানে তার নামাজের জানাযা শেষে তাঁর লাশের দাফনকার্য সম্পন্ন করা হবে বলে পরিবারিক সুত্র জানিয়েছেন।

উল্লেখ্য, পেশাগত কারনে তিনি মৃত্যুর আগ পর্যন্ত দীর্ঘদিন যাবত ঢাকায় অবস্থান ছিলেন।
তাঁর মৃত্যুতে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে গভীর শোক জানানো হয়েছে।

দর্শনায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে জরিমানা আদায়

দর্শনায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে জরিমানা আদায়
দামুড়হুদার উপজেলার দর্শনা বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে।
জানা গেছে, গতকাল শুক্রবার বিকেল ৪ দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান দর্শনা বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ রোধে চলমান লকডাউন বাস্তবায়নে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান দামুড়হুদার দর্শনা বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।
এ সময় মাস্ক পরিধান না করা, স্বাস্থ্যবিধি না মানার অপরাধে ৪ জনের নিকট জরিমানা আদায় করেন।

আদালত পরিচালনা কাজের সহযোগীতা করেন উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলি ও দর্শনা থানা পুলিশের একটি টিম।
ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা কালে উপজেলা নির্বাহী অফিসার বলেন, আপনারা অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না। নিজে ও পরিবার সুস্থ রাখতে সরকারের দেওয়া সকল নির্দেশনা মেনে চলুন। লকডাউন বাস্তবায়ন প্রশাসন কে সহযোগিতা করুন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কার্যক্রম অব্যাহত আছে।

গতকাল শুক্রবার বেলা সাড়ে এগারো টার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মহীন আরও ২৬০ জনের পরিবারের মাঝে এই মানবিক সহায়তা প্রদান করা হয়।

চা বিক্রেতা, ভ্যান চালক, দিনমজুর এবং দুস্থ মানুষের মাঝে এই প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ কার্যক্রমে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

এসময় তিনি বলেন, প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী বিতরণ কার্যক্রমের ধারাবাহিকভাবে চলমান থাকবে চুয়াডাঙ্গা জেলার যে সকল দুস্থ অসহায় ভাসমান লোকজন আছে তাদের প্রত্যেককে সহায়তা আওতায় আনা হবে।

তিনি আরো বলেন, সমাজের যে সকল বিত্তমান ব্যক্তিবর্গ আছেন তারা এই সহায়তার পাশাপাশি তাদেরকে এগিয়ে আসতে আহ্বান জানান। এসময় তিনি সকলকে সরকারের নির্দেশনা মানতে বলেন এবং নিজ নিজ অবস্থান থেকে সতর্ক থাকতে আহ্বান জানান। ত্রাণ হিসেবে চাল-১০ কেজি ডাল(মসুর)- ১ কেজি আলু-২ কেজি পেঁয়াজ- ১ কেজি সয়াবিন তেল-১ লিটার চিনি -১ কেজি
ও ১ প্যাকেট সেমাই প্রদান করা হয়।

এসময় আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মনিরা পারভীন, নেজারত ডেপুটি কালেক্টর আমজাদ হোসেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার হাবিবুর রহমান, সাদাত হোসেন, রিফাত জাহান সহ কার্যক্রমের উপকারভোগী পরিবারের লোকজন।

দামুডহুদার কার্পাসডাঙ্গায় বিদ্যুৎ স্পৃষ্টে কর্মচারির

মৃত্য

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী কার্পাসডাঙ্গা বাজারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শাহানাজ খাঁন (৩০) নামের এক দোকান কর্মচারীর মৃত্যু হয়েছে।

মৃত শাহানাজ খাঁন উপজেলার আরামডাঙ্গা গ্রামের আরজুল্লা খাঁর ছেলে ও কার্পাসডাঙ্গা বাজারের সোহাগ হার্ডওয়ারের কর্মচারী।
গতকাল শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে দোকানের দ্বিতীয় তলায় দেওয়ালে পানি দেওয়ার সময় এই দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বেলা সাড়ে ১১টার দিকে সোহাগ হার্ডওয়ারের কর্মচারী শাহানাজ খাঁন তার মালিকের নবনির্মিত দোকানঘরের দ্বিতীয় তলার ঘরে কাজ করছিলেন। সেখানে দেওয়ালের প্লাস্টার ভেজানোর সময় অসাবধানতাশত দোকানঘরের ওপর দিয়ে যাওয়া মেইন লাইনের তারে স্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান।

মেহেরপুরের হরিরামপুরে মুক্তিযাদ্ধাদের সম্মানে ইফতার

মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর গ্রামে আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ ও হরিরামপুর যুব উন্নয়ন সমিতির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বুড়িপোতা ইউনিয়নের বীর মুক্তিযোদ্ধাদের সাথে এই ইফতার ও দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের সাধারণ সম্পাদক আবু তালহা বিন হাবিব (জুয়েল) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান মো: শাহজামাল চৌধুরী।

মাহফিলে অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, হরিরামপুর ২ নং ওয়ার্ডের সদস্য ও পৌর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মো: শানু আহমেদ, আহসান

হাবীব (জিলা), মো: ফয়সাল হাসান রকিসহ গ্রামবাসী।

চুয়াডাঙ্গায় গাঁজাসহ এক মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৫ শত গ্রাম গাঁজা সহ মোঃ আসান (৪০) নামের একজন মাদক ব্যাবসায়ীকে আটক করেছে পুলিশ।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ ওসি আবু জিহাদ ফখরুল আলম খানের নির্দেশে পুলিশ গোপন সংবাদের প্রেক্ষিতে গতকাল শুক্রবার সন্ধ্যায় চুয়াডাঙ্গা সদর থানার এস আই ইমরান হোসেন পুলিশের একটি টিম চুয়াডাঙ্গা সদর থানাধীন হাতি কাটায় অভিযান চালান।

এসময় রাশিদুলের ফলের দোকানের সামনে পাকা রাস্তার উপর থেকে চিহ্নিত মাদক ব্যবসায়ী মোঃ আসান(৪০) কে হাতেনাতে ৫০০ গ্রাম গাঁজাসহ আটক করে। আটককৃত আসামির বিরুদ্ধে ইতিপূর্বে চুয়াডাঙ্গা সদর থানায় বেশ কয়েকটি মাদকের মামলা আছে। এ ঘটনায় তার বিরুদ্ধে আরো একটি মামলা দায়ের করা হয়েছে।